গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২২.১১.০০৩.১৫-৫২৯

০৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৫/০২/২০২১ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৬.০০৩.২০-৪৪ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক নিম্নোক্ত ০৪ (চার) জন প্রার্থী'কে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভূক্ত ২২০০০-৫৩০৬০/-টাকা স্কেলে এ প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | প্রার্থীর নাম ও ঠিকানা | নিয়োগকৃত পদ, বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|
| সহকারী বৃক্ষপালনবিদ | | |
| ১. | জনাব মোঃ আমানত আলী (রেজিঃ নম্বর-৮০২৬৬২)<br>পিতা-মোঃ ইসারুহুল মিয়া<br>মাতা-মোছাঃ বুফল নেছা<br>গ্রাম-মশিপুর,ডাকঘর-মশিপুর, উপজেলা-শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ। | সহকারী বৃক্ষপালনবিদ<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ম<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫) |
| হিসাবরক্ষণ কর্মকর্তা | | |
| ১. | জনাব মোহাম্মদ আকরাম হোসেন (রেজিঃ নম্বর-০৫৪৯১৯)<br>পিতা-মোহাম্মদ হাফিজুর রহমান<br>মাতা-শাহানা বেগম<br>গ্রাম-পশ্চিম আব্দুল্লাহপুর,ডাকঘর-উজান আব্দুল্লাহপুর,উপজেলা-কুলিয়ারচর, জেলা- কিশোরগঞ্জ। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ম<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫) |
| ২. | জনাব খতিজা খানম রুমা (রেজিঃ নম্বর-৩০৭০৫০)<br>পিতা-রেজাউল করিম<br>মাতা-সেলিনা আক্তার<br>গ্রাম- জামালপুর, ডাকঘর-মিরসরাই, উপজেলা-মিরসরাই, জেলা- চট্টগ্রাম। | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ম<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫) |
| সহকারী প্রোগ্রামার | | |
| ১. | শেখ সুফিয়া মিতু (রেজিঃ নম্বর-১০৪০৫৭)<br>পিতা- শেখ মোঃ আবুল হোসেন<br>মাতা-মোছাঃ রাশিদা বেগম<br>গ্রাম- উত্তর চর আইচা, ডাকঘর-উত্তর চর আইচা, উপজেলা-চরফ্যাশন, জেলা- ভোলা। | সহকারী প্রোগ্রামার<br>বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড-৯ম<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫) |

চলমান পাতা-১/৩

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি

২। শর্তাবলি:

(ক) তাদেরকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাদেরকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তারা চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাদেরকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাদেরকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) চাকরিতে যোগদানের সময় তাদেরকে একজন জামানতদারসহ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তারা শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন-ভাতা এবং চাকরিকালে গৃহীত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঙ) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তাদের নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুযায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) যদি তারা কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(জ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষনাপত্র প্রার্থীদেরকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে জমা দিতে হবে;

(ঝ) এ চাকরিতে যোগদানের জন্য তারা কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

৩। উল্লিখিত শর্তাবলী তাদের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৮/১১/২০২১ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাদেরকে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তারা চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তাদের যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪/১০/২০২১

(মোহাম্মদ শের মাহবুব মুরাদ)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫২৪৮
dsrhe1@rthd.gov.bd

চলমান পাতা-২/৩

নং-৩৫.০০.০০০০.০২২.১১.০০৩.১৫-৫২৯/১/(২০)

০৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭
০৪। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব(সকল) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এমআইএস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী প্রকাশের অনুরোধসহ)
০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। চিফ এ্যাকাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১২। জনাব.................................................................................................................................
১৩। অফিস কপি/মাস্টার কপি

২৪.১০.২০২১

(মোহাম্মদ শের মাহবুব মুরাদ)
উপসচিব

চলমান পাতা-৩/৩

LetterF:\Rhe\Non cadre\Non cadre appoinment\Letter.doc